দিঘার জগন্নাথ ধামের প্রসাদ তুলে দিচ্ছেন মন্ত্রী বেচারাম মান্না। সিঙ্গুরে, শনিবার। ছবি: পার্থ রাহা

সম্প্রীতির বন্ধনে জগন্নাথের প্রসাদ বিলি

আজকালের প্রতিবেদন

জেলায় জেলায় শুরু হয়েছে দিঘার মহাপ্রসাদ বিতরণ। ধর্ম-বর্ণ নির্বিশেষে বিভিন্ন সম্প্রদায়ের মানুষ লাইন দিয়ে দাঁড়িয়ে গ্রহণ করছেন প্রসাদ। 'জগন্নাথ ধাম, দিঘা' লেখা প্যাকেট। ভেতরে প্রসাদস্বরূপ রয়েছে পেড়া ও গজা। রয়েছে দিঘার জগন্নাথ মন্দিরের ছবি। দুয়ারে রেশনের মাধ্যমে পৌঁছে যাচ্ছে মানুষের ঘরে ঘরে। পাড়ার মোড়ে মোড়ে রেশন ডিলারদের সহায়তায় নামের তালিকা ধরে মানুষের হাতে তুলে দেওয়া হচ্ছে প্রসাদ। কলকাতাতেও এদিন প্রসাদ বিতরণ শুরু হয়েছে।

শনিবার সকালে সিঙ্গুরের গোপালনগর পঞ্চায়েতের নতুনভেরি গ্রামে প্রসাদ নিতে ভিড় জমালেন এলাকার মানুষ। সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষও এদিন লাইন দিয়ে গ্রহণ করলেন প্রসাদ। এলাকার বিধায়ক তথা মন্ত্রী বেচারাম মান্না প্রসাদ তুলে দেন সকলের হাতে। প্রসাদ গ্রহণ করে স্থানীয় শেখ ফিরোজউদ্দিন বলেন, 'আমার মতো আরও অনেকেই প্রসাদ নিতে এসেছেন। আমরা সব সম্প্রদায়ের মানুষ একসঙ্গে থাকি। কোনও ভেদাভেদ নেই। প্রত্যেক অনুষ্ঠানে সকলে এক সঙ্গে থাকি।' মন্ত্রী বেচারাম মান্না বলেন, 'সিঙ্গুরের নতুনভেড়ি এলাকায় এদিন সমস্ত স্তরের মানুষই এসেছেন। সানন্দে প্রসাদ গ্রহণ করেছেন। বাংলায় এটা একটা নজিরবিহীন ঘটনা।' চুঁচুড়া স্টেশন রোডের একটি রেশন দোকানে লাইন দিয়ে প্রসাদ গ্রহণ করলেন উপভোক্তারা। বিধায়ক অসিত মজুমদার বলেন, সব জায়গায় প্রসাদ বিলি করা হবে।

এদিন পূর্ব মেদিনীপুরের রামনগর ও কাঁথিতে প্রসাদ বিলি শুরু হয়েছে। এদিন রামনগর-১ ব্লকের পদিমা-১ অঞ্চলে প্রসাদ বিতরণ শুরু হয় তিনটি শিবির থেকে। ছিলেন বিধায়ক অখিল গিরি, বিডিও পূজা দেবনাথ, পঞ্চায়েত সমিতির সভাপতি নিতাইচরণ সার। কাঁথি পুরসভাতেও দুয়ারে রেশনের মাধ্যমে প্রসাদ বিতরণ শুরু হয়েছে। কাঁথির ভবতারিণী মন্দিরে পুজো দিয়ে এই কার্যক্রম শুরু হয় পুরসভার চেয়ারম্যান সুপ্রকাশ গিরির উপস্থিতিতে। শালবনিতে মহাপ্রসাদ বিতরণের সূচনা করেন সাংসদ জুন মালিয়া। সাংসদ বলেন, 'আপনারা সবাই দিঘার জগন্নাথ মন্দির দেখতে যাবেন'। মেদিনীপুর শহরের বিভিন্ন ওয়ার্ডে দুয়ারে রেশন ব্যবস্থার মাধ্যমে মহাপ্রসাদ। প্রসাদ বিতরণ শুরু করেন সবংয়ের বিধায়ক, মন্ত্রী মানস ভুঁইয়া।

পুরুলিয়ার সাধুডাঙা এলাকায় রেশন ডিলার ভুবন ব্যানার্জি জানিয়েছেন, মানুষের মধ্যে প্রবল উৎসাহ রয়েছে প্রসাদ নিয়ে। ভক্তিভরে সকলে প্রসাদ নিচ্ছেন। পুরুলিয়া জেলায় প্রায় ৭ লক্ষ পরিবারের হাতে এই প্রসাদ তুলে দেওয়া হবে বলে জানিয়েছেন ওয়েস্ট বেঙ্গল রেশন ডিলার্স অ্যাসোসিয়েশনের জেলা সম্পাদক প্রভাশিসলাল সিংদেও। আসানসোলেও পৌঁছে গেল দিঘার জগন্নাথ মন্দিরের মহাপ্রসাদ। বারাবনিতে পশ্চিম বর্ধমানের জেলাশাসক এস পোন্নাবলমের উপস্থিতিতে পাঁচগাছিয়ায় মহাপ্রসাদ বণ্টন হয়। আরামবাগ মহকুমায় শুরু হয় মহাপ্রসাদ বিতরণ। মহকুমার বিভিন্ন রেশন দোকানের মাধ্যমে এই মহাপ্রসাদ উপভোক্তাদের হাতে তুলে দেওয়া হয়।

তথ্যসূত্র: মিল্টন সেন, যজ্ঞেশ্বর জানা, বুদ্ধদেব দাস, দীপেন গুপ্ত, দেবব্রত ঘোষ ও তুফান মণ্ডল

কলকাতায় বাড়ি বাড়ি প্রসাদ বিতরণ করছেন কাউন্সিলর অসীম বসু। ভবানীপুরে শনিবার। ছবি: তপন মুখার্জি

দলবদলুরা দুর্নীতিগ্রস্ত: দিলীপ

আজকালের প্রতিবেদন

দলবদল করে বিজেপিতে আসা নেতাদের 'দুর্নীতিপরায়ণ' বললেন দিলীপ ঘোষ। আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে শনিবার রানি রাসমণি অ্যাভিনিউয়ে এক অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন দিলীপ ঘোষ। সেই অনুষ্ঠান শেষে সাংবাদিকদের তিনি বলেন, 'যাঁরা সিপিএম, তৃণমূল থেকে বিজেপিতে এসেছেন, তাঁদের মধ্যে অনেকে দুর্নীতি, হিংসার সঙ্গে যুক্ত। বিজেপির উদার রাজনীতির সঙ্গে তাঁরা মানিয়ে নিতে পারছেন না। কিন্তু কেন্দ্রীয় নেতৃত্ব গাইডলাইন বেঁধে দিয়েছেন। তা মেনে না চললে অন্য দলের সঙ্গে পার্থক্য হবে কীভাবে?' তাঁর দাবি, 'বিজেপি উদার দল। সকলকে নিয়ে চলতে চায়।'

তৃণমূলের অন্যতম মুখপাত্র অরূপ চক্রবর্তী এ প্রসঙ্গে বলেছেন, 'দিলীপ ঘোষ একদম ঠিক কথা বলেছেন। শুভেন্দু অধিকারী দল বদল করে বিজেপিতে গিয়েছেন। কাগজ মুড়িয়ে টাকা নিতে তো দিলীপ ঘোষকে দেখা যায়নি, দেখা গিয়েছে শুভেন্দুকে।' পাশাপাশি বিজেপিকে তুলোধোনা করে তিনি বলেন, 'বিজেপি নিজেদের মধ্যেই আকচাআকচি করে যাচ্ছে। ছাব্বিশের বিধানসভায় তৃণমূল পুরোপুরি ওয়াকওভার পেয়ে গেছে।'

তৃণমূল মহিলা যুবতে রদবদল

আজকালের প্রতিবেদন

জেলার তৃণমূল মহিলা যুব কংগ্রেসের রদবদল করা হয়েছে। তবে সকলেই সংগঠনের সঙ্গে দীর্ঘদিন যুক্ত আছেন। শ্রীরামপুর, হুগলি, দমদম, ব্যারাকপুর, বারাসত, বসিরহাট, পুরুলিয়া, দার্জিলিং (সমতল), পূর্ব বর্ধমানে রদবদল করা হয়েছে। এঁদের মধ্যে অনেককেই রাজ্য কমিটিতে জায়গা দেওয়া হয়েছে। কয়েকজনকে বলা হয়েছে আপনারা দলের হয়ে কাজ করবেন। পদ সকলকে দেওয়া যাবে না। ভাল কাজ করলে নিশ্চয় পুরস্কার পাবেন। নির্বাচনের আগে মহিলা সংগঠনকে ঢেলে সাজাতে চাইছে তৃণমূল। পাহাড় থেকে শুরু হয়েছে রদবদল। জেলায় তৃণমূল যুব সভাপতি যাঁদের করা হয়েছে, তাঁরা দীর্ঘদিন ধরেই রয়েছেন। তৃণমূল মহিলা কংগ্রেসের সভাপতি চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছেন, সকলে মিলেই কাজ করা হবে।

যৌনকর্মীর সঙ্গে তুলনা

● ১ পাতার পর

একজন বলেছিলেন বিরবাহা হাঁসদার জুতার তলায় থাকা উচিত। এখন সোনাগাছির যৌনকর্মীদের অপমান করেছেন। ওঁরা বাধ্য হয়ে একটা পেশায় আছেন। আপনার কোন অধিকার আছে সেই পেশায় থাকা মা-বোনেদের অপমান করার? তাঁদের জীবনযাপন, সংগ্রাম, বঞ্চনা, বৈষম্য থেকে শ্রমিক অধিকার নিয়ে ঘুরে দাঁড়ানোর চেষ্টা চলছে। এটা একটা কী যন্ত্রণার জীবন। সুকান্ত মজুমদারকে সোনাগাছির যৌনকর্মীদের উদ্দেশে হাতজোড় করে ক্ষমা চাইতে হবে।'

১ কোটি টাকার প্রতারণা, ৩ বিদেশি গ্রেপ্তার

এক কোটিরও বেশি টাকার প্রতারণা মামলায় গ্রেপ্তার হল জিম্বাবোয়ের তিন নাগরিক। অভিযোগ, একটি ভুয়ো সংস্থার নামে বিনিয়োগের লোভ দেখিয়ে কলকাতার এক ব্যবসায়ীর কাছ থেকে এক কোটি টাকারও বেশি হাতিয়ে নেয় এই আন্তর্জাতিক প্রতারকরা। তদন্তে নেমে লালবাজারের সাইবার থানার পুলিশ শনিবার পাঞ্জাবের মোহালির খারারে হানা দিয়ে অভিযুক্তদের গ্রেপ্তার করে। ধৃতরা হল টিনাশে গাডজিক্কোয়া প্রেইজ, ম্যালভার্ন মাতুমগামিরে ও নিয়ামহুঙ্গা লেনন কুদাকওয়াশে। তাদের কাছ থেকে ৬টি মোবাইল ফোন, একটি ল্যাপটপ এবং একাধিক ব্যাঙ্ক ও অন্যান্য গুরুত্বপূর্ণ নথিপত্র বাজেয়াপ্ত হয়েছে।

অনুষ্ঠানমঞ্চে আপাইয়ের সম্পাদক সত্যম রায়চৌধুরী, সভাপতি তরণজিৎ সিং। এছাড়াও রয়েছেন তরুণ ভট্টাচার্য, অলক টিবরেওয়াল। দুর্গাপুরে, শনিবার। ছবি: প্রতিবেদক

দুর্গাপুরে আপাইয়ের শিক্ষামেলা

কর্মসংস্থানের সুযোগ বাড়ছে এই রাজ্যে: সত্যম রায়চৌধুরী

আবির রায়
দুর্গাপুর, ২১ জুন

বাংলার ছেলেমেয়েদের মেধা অনেক ভাল। কাজেও তারা দক্ষ। সেই কারণেই কর্মসংস্থানের সুযোগ বাড়ছে এই রাজ্যে। আপাইয়ের এডুকেশন ফেয়ারের উদ্বোধন অনুষ্ঠানে একথা বললেন সংস্থার সম্পাদক, সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটির আচার্য সত্যম রায়চৌধুরী। তিনি বলেন, 'এবার জেলায় ছড়িয়ে দেওয়া হল আপাইয়ের যাবতীয় কর্মকাণ্ড। মূলত উচ্চশিক্ষায় পড়ুয়াদের সচেতন করতেই এই মেলার আয়োজন করা হয়েছে দুর্গাপুরে। ছাত্রছাত্রীরা কোথায় পড়বে, কোন্ কলেজে কী কোর্স আছে, কোন্ কোর্স করলে সহজেই চাকরি মিলবে— সেই খোঁজ দেওয়ার জন্যই এই মেলার আয়োজন করা হয়ে থাকে। চলতি শিক্ষাবর্ষে চারটি জেলায় এই মেলার আয়োজন করা হয়েছে।' শনিবার দুর্গাপুরে একটি বেসরকারি হোটেলে মেলার উদ্বোধন করেন পঞ্চায়েতমন্ত্রী প্রদীপ মজুমদার। মন্ত্রী বলেন, 'রাজ্য সরকার চায়, আগামী দিনগুলোয় শিক্ষায় প্রসার ঘটুক। সব রকম ভাবেই সহযোগিতা করা হবে।' কলকাতায় আপাইয়ের শিক্ষা মেলা বসবে ৪ ও ৫ জুলাই। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আপাইয়ের সভাপতি তরণজিৎ সিং, তরুণ ভট্টাচার্য, অলক টিবরেওয়াল। এছাড়াও ছিলেন এডিডিএর চেয়ারম্যান কবি দত্ত এবং পুরসভার চেয়ারপার্সন অনিন্দিতা মুখার্জি।

কথায়-সুরে মমতার গান

● ১ পাতার পর

২১ জুন বিশ্ব সঙ্গীত দিবস। যা ১৯৮২ সালে 'ফেট ডে লা মিউজিক' নামে শুরু হয়েছিল ফরাসি দেশে। এখন ভারত, জার্মানি, ইতালি, গ্রিস, রাশিয়া, অস্ট্রেলিয়া, পেরু, ব্রাজিল, জাপান-সহ বিশ্বের ১২০টি দেশে এবং ৭০০টিরও বেশি শহরে মর্যাদার সঙ্গে পালিত হয়। এমন দিনে তাই নিজের গান এক্স হ্যান্ডলে পোস্ট করে মুখ্যমন্ত্রী লিখেছেন, 'সঙ্গীত দিবস উপলক্ষে সকলকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা এবং অভিনন্দন। সুরের মূর্ছনায় প্রাণবন্ত হোক সকলের হৃদয়। সঙ্গীতশিল্পী জিৎ-এর কণ্ঠে, আমার কথা ও সুরে সঙ্গীত দিবসের গান।'

দমদমে ডেঙ্গিতে মৃত্যু কিশোরীর

আজকালের প্রতিবেদন

ডেঙ্গিতে মৃত্যু হল এক কিশোরীর। দমদম পুরসভার ১৮ নম্বর ওয়ার্ডের বাসিন্দা সারণী ব্যানার্জি বেশ কিছুদিন ধরেই জ্বরে ভুগছিল। প্রথমে দমদমের এক হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি হলে পরে তপশিয়ার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। ১৯ জুন থেকে সেখানেই চিকিৎসা চলছিল সারণীর। কিন্তু তার পরেও শারীরিক অবস্থার অবনতি হতে থাকে। প্লেটলেট অত্যন্ত কমে যায়। শনিবার ভোরে মৃত্যু হয় বৈদ্যনাথ গার্লস হাই স্কুলের সপ্তম শ্রেণির এই পড়ুয়ার। পরিবারের দাবি, মৃত্যুর কারণ হিসেবে ডেঙ্গি লেখা রয়েছে। ফুসফুসে জল জমে গেছিল। তার জন্য শ্বাসকষ্টজনিত সমস্যা হচ্ছিল।

বর্ষার মরশুমে ডেঙ্গি বাড়ার সম্ভাবনা রয়েছে বলে চিকিৎসকরা সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন। জ্বর হলে যদি তিনদিনে না কমে সেক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ মেনে ডেঙ্গির টেস্ট করিয়ে নেওয়া জরুরি। ফুলহাতা জামা-প্যান্ট পরা, বাড়ির আশপাশে জল জমতে না দেওয়া, পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার কথা বার বার বলছেন চিকিৎসকরা।

বিয়েবাড়ির গুদামে অস্ত্র তৈরির কারখানা

আজকালের প্রতিবেদন

বিয়েবাড়ির আড়ালে গোপনে চলছিল অস্ত্র তৈরির কারখানা। সেই বেআইনি কারখানার হদিশ পেল কলকাতা পুলিশের এসটিএফের ইন্টেলিজেন্স টিম। ঝাড়খণ্ডের বোকারোর গান্ধীনগর থানার অন্তর্গত জাড়িদিহ উপার বাজার এলাকায় কাবেরী ম্যারেজ হলের সামনে থাকা একটি গুদামে কারখানাটি চলছিল। শুক্রবার ভোররাতে কলকাতা পুলিশের এসটিএফ, ঝাড়খণ্ড এটিএস ও বোকারোর গান্ধীনগর থানার পুলিশের একটি দল সেখানে সম্মিলিত ভাবে অভিযান চালায়। অস্ত্র তৈরি করতে গিয়ে হাতেনাতে ধরা পড়ে দু'জন। ধৃতেরা হল কেশব কুমার ও প্রভেন কুমার। দু'জনেই বিহারের বাসিন্দা।

এসটিএফের অভিযানে ধৃত ২

পুলিশের দাবি, উদ্ধার হওয়া কারখানাটি অত্যন্ত উন্নত ধরনের। সেখানে তল্লাশি চালিয়ে মিলেছে নগদ প্রায় ১ লক্ষ টাকা, ৬টি আধা তৈরি পিস্তল, ৯টি পিস্তলের বডি, ৬টি স্লাইডার, ১৩টি ব্যারেল প্লেট, ৩টি স্ক্র্যাপ প্লেট, একটি লেদ মেশিন, একটি মিলিং মেশিন, একটি ড্রিল মেশিন, একটি গ্রাইন্ডিং ও পলিশিং মেশিন, বিপুল পরিমাণ যন্ত্রাংশ ও কাঁচামাল-সহ আরও বেশ কিছু অস্ত্র তৈরির যন্ত্রপাতি। পুলিশের ধারণা, এখানে দীর্ঘদিন ধরেই বেআইনি আগ্নেয়াস্ত্র তৈরি হচ্ছিল। এই ঘটনায় বড়সড় অপরাধ চক্রের যোগসূত্র থাকতে পারে বলেও মনে করা হচ্ছে। কলকাতা পুলিশের স্পেশ্যাল টাস্কফোর্স জানিয়েছে, গত তিন বছরে পার্শ্ববর্তী রাজ্যগুলিতে এই নিয়ে মোট ১৮টি বড়সড় যৌথ অভিযান চালিয়েছে তারা।

কেনারা বৈঙ্ক Canara Bank
সিন্ডিকেট Syndicate

১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তি

কলকাতা ধর্মতলা শাখা (১৯৫৯২)
৭এ, হসপিটাল রোড, কলকাতা-৭০০০৭২

রেফারেন্স নং: 19592/DEMANDNOTICE/KOLKATA DHARMOTALLA তারিখ: ১৭.০৬.২০২৫

প্রতি:
১. **মেসার্স রাধামাধব ট্রেডিং কোং (ঋণগ্রহীতা),** ৪০/সি, যশোর রোড সাউথ, বিল্ডিং সিটি হাইটস, থার্ড ফ্লোর, রুম নং এ৪০৩, ডাকবাংলো মোড়, বারাসত, পিন-৭০০১২৪
২. **মিঃ বুবাই সাধুখাঁ (প্রোপ্রাইটর তথা ঋণগ্রহীতা),** পোঃঅঃ- রাজীবপুর, থানা- অশোকনগর, পাগল যোগানন্দ আশ্রমের বিপরীতে, উত্তর ২৪ পরগনা, বারাসত, পিন-৭৪৩৭০২

মহাশয়,
বিষয়: সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে জারিকৃত বিজ্ঞপ্তি।

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে 'উক্ত অ্যাক্ট' হিসেবে উল্লিখিত)-এর অধীনে **কানাড়া ব্যাঙ্ক, কলকাতা ধর্মতলা শাখা** (এখানে এর পরে '**সুরক্ষিত ঋণদাতা**' হিসেবে উল্লিখিত)-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিযুক্ত নিম্নস্বাক্ষরকারী এতদ্বারা আপনাদের প্রতি নিম্নবর্ণিতমতো এই বিজ্ঞপ্তি জারি করছেন:

মেসার্স রাধামাধব ট্রেডিং কোং (এখানে এর পরে '**ঋণগ্রহীতা**' হিসেবে উল্লিখিত) এখানে নীচের **তফসিল 'এ' এবং 'সি'**-তে বর্ণিত ঋণের সুবিধা/ সুবিধাবলি ও দায় গ্রহণ করেছিলেন এবং সুরক্ষিত ঋণদাতার অনুকূলে জামিনচুক্তি(সমূহ) সম্পাদন করেছিলেন। উক্ত আর্থিক সহায়তা গ্রহণের সময় উপরোক্ত চুক্তির শর্ত ও নিয়মাবলি অনুসারে উক্ত ঋণের অর্থাঙ্ক(সমূহ) পরিশোধে আপনার দায়বদ্ধতা স্বীকার করেছিলেন।

মিঃ বুবাই সাধুখাঁ (এখানে এর পরে '**প্রোপ্রাইটর তথা সহ-ঋণগ্রহীতা**' হিসেবে উল্লিখিত) **₹১,০০,০০,০০০.০০** (এক কোটি টাকা মাত্র) সীমা অবধি ঋণের সুবিধার প্রেক্ষিতে এর ওপর সুদ সমেত ঋণগ্রহীতা দ্বারা সুরক্ষিত ঋণদাতার তরফে কৃত বা সুরক্ষিত ঋণদাতার কাছে প্রদেয় যাবতীয় দায় ও দায়িত্ব বাবদ বকেয়া যাবতীয় অর্থাঙ্ক দাবি জানানো মাত্রই প্রদানের নিশ্চয়তা দিয়েছিলেন।

তফসিল 'এ' এবং 'সি'

ঋণের প্রকৃতি (লোন অ্যাকাউন্ট নং)	ঋণের অর্থাঙ্ক (₹)	১৬.০৬.২০২৫ অনুযায়ী সুদ সমেত দায়	সুদের হার
ওপেন ক্যাশ ক্রেডিট (১২৫০০৩৯৫২৮৭৯)	₹১,০০,০০,০০০.০০	₹১,০১,৮০,০০০.০০ + ০১.০৬.২০২৫ থেকে সুদ	১০.৫০%

আপনাদের দ্বারা আমাদের অনুকূলে স্বাক্ষরিত বিবিধ প্রাসঙ্গিক নথির মাধ্যমে এখানে নীচের **তফসিল 'বি'**-তে বিশদে ও নির্দিষ্টরূপে বর্ণিত সম্পত্তির বন্ধকি দ্বারা উপরিলিখিত ঋণ/ধারের সুবিধা যথাযথরূপে সুরক্ষিত ছিল। আপনারা নির্ধারিত শর্ত ও নিয়মাবলি অনুসারে আপনার দায় পরিশোধে ব্যর্থ হওয়ায় **১৫.০৬.২০২৫** তারিখে এই ব্যাঙ্ক উক্ত ঋণটি অনুৎপাদক পরিসম্পদ (এনপিএ) হিসেবে শ্রেণিবদ্ধ করেছে। সেই কারণে, এতদ্দ্বারা আমরা উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে জারিকৃত এই বিজ্ঞপ্তির মাধ্যমে এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ষাট (৬০) দিনের মধ্যে আপনাদের দায় বাবদ **১৬.০৬.২০২৫** তারিখের ভিত্তিতে **₹১,০১,৮০,০০০.০০** (এক কোটি এক লক্ষ আশি হাজার টাকা মাত্র), তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ, আনুষঙ্গিক খরচ ও মাশুল সম্পূর্ণরূপে পরিশোধের আহ্বান জানাচ্ছি, যার অন্যথা হলে আলোচ্য অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে আমরা সকল বা যে কোনও অধিকার প্রয়োগে বাধ্য হব।

পাশাপাশি, আমাদের আগাম লিখিত অনুমতি ছাড়া এখানে নীচের **তফসিল 'বি'**-তে বর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না-করার জন্য আপনাকে সতর্ক করে দেওয়া হচ্ছে। আলোচ্য অ্যাক্ট এবং/বা বিদ্যমান অন্য যে কোনও আইনের অধীনে আমাদের প্রতি উপলব্ধ অধিকারের প্রতি পক্ষপাতবিহীনভাবে এই বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হচ্ছে।

সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।
ব্রাঞ্চে উপলব্ধ তথ্য অনুসারে আপনার সর্বশেষ জ্ঞাত ঠিকানাতেও এই দাবি বিজ্ঞপ্তিটি প্রাপ্তিস্বীকারপত্র-সহ রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে প্রেরিত হয়েছে।

তফসিল 'বি'
-: সুরক্ষিত পরিসম্পদের বিশদ বিবরণ :-

সামান্য কমবেশি ১০.৮৪ ডেসিমেল ডাঙ্গা/ বাস্তু জমিতে নির্মিত জি+১ তলবিশিষ্ট বিল্ডিংয়ের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: দাগ নং ১৪৭, খতিয়ান নং ১০৮৮, তৌজি নং ২০০৭, মৌজা- হাট নপাড়া, জে এল নং ১০০, থানা- অশোকনগর, দিগরা মল্লিকবাড়ি গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জেলা- উত্তর ২৪ পরগনা। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর- সুভাষ কাহারের জমি; দক্ষিণ- ১০ ফুট চওড়া পাকা রাস্তা; পূর্ব- নিমাই ঘোষের জমি; পশ্চিম- মহাদেব সরকারের জমি।
স্বত্বধারকের নাম: মিঃ বুবাই সাধুখাঁ।

তারিখ: ১৭.০৬.২০২৫
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
কানাড়া ব্যাঙ্ক

আজকাল | শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র | সুমিতা ব্লাউজ স্পেশালিষ্ট, ৪, রাজেন্দ্র বাগ রোড, শ্রীরামপুর, হুগলী, পিন: ৭১২২০১, ফোন: 98307-23466

TARSONS PRODUCTS LIMITED
CIN: L51109WB1983PLC036510
Registered Office: Martin Burn Business Park, Room No. 902, BP - 3, Salt Lake, Sector - V, Kolkata - 700091, West Bengal, India
Phone: 033-35220300; **Email:** info@tarsons.com; **Website:** www.tarsons.com

NOTICE OF POSTAL BALLOT

Notice is hereby given that pursuant to Section 108 and 110 of the Companies Act, 2013 ("the **Act**") and other applicable provisions, if any, of the Act read with Rule 20 and 22 of the Companies (Management and Administration) Rules, 2014 ("the **Rules**") (including and statutory modification(s) or reenactment(s) thereof for the time being in force), read with the General Circular No. 14/2020 dated April 08, 2020, No. 17/2020 dated April 13, 2020, No. 22/2020 dated June 15, 2020, No. 33/2020 dated September 28, 2020, No. 39/2020 dated December 31, 2020, No. 10/2021 dated June 23, 2021, No. 20/2021 dated December 08, 2021, 03/2022 dated May 5, 2022, General Circular No. 11/2022 dated December 28, 2022, General Circular No. 09/2023 dated September 25, 2023 and General Circular No. 09/2024 dated September 19, 2024 issued by the Ministry of Corporate Affairs, Government of India ("**MCA Circular**"), Secretarial Standard-2 on General Meetings issued by the Institute of Company Secretaries of India ("SS-2"),and, Regulation 44 of Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 ("**the Listing Regulations**"), Tarsons Products Limited ("the Company") has sent an e-mail on Saturday, 21st June, 2025 to all the Members who have registered their e-mail address with Depositories (NSDL/CDSL) or with the Registrar and Share Transfer Agent (RTA) of the Company as on the Cut-Off Date, i.e., Friday, 13th June, 2025 along with the Notice of Postal Ballot together with the Explanatory Statement to transact the business as set out in the Postal Ballot notice dated Wednesday, 28th May, 2025.
In line with the MCA Circulars, the Postal Ballot Notice has been sent to the shareholders only through electronic mode (e-mail) to all those Members who have registered their email address with the Company or Depositories or Depository Participants (DP) or the Company's Registrar and Share Transfer Agent (RTA), KFin Technologies Limited (KFin Tech) (Formerly known as KFin Technologies Private Limited) as on Friday, 13th June, 2025 (the "Cut-Off Date"). Please note that physical copy of the Notice, Postal Ballot Form and pre-Paid business reply envelope have not been sent to the Members for this Postal Ballot. A person who is not a member on the cut-off date should treat the Notice for information purposes only.
The Company has appointed M/s. Manisha Saraf & Associates, Practicing Company Secretaries, as Scrutinizer for conducting the Postal Ballot in a fair and transparent manner.
The Company has engaged the services of National Securities Depository Limited (NSDL) to provide electronic voting facility to the Members of the Company to cast their votes. The instructions for evoting are provided in the Postal Ballot Notice. Members are requested to provide their assent (**FOR**) or dissent (**AGAINST**) through e-voting only.
The voting rights of the Members shall be in proportion to the shares held by them in the paid-up equity share capital of the Company as on the cut-off date.
Members are requested to note that the e-voting period shall **commence on Sunday, 22nd June, 2025 at 09:00 A.M. (IST) and shall end on Monday, 21st July, 2025 at 05:00 P.M. (IST)**. The e-voting will not be allowed beyond the aforesaid date and time and the e-Voting module shall be disabled by NSDL for voting thereafter. Once the vote on the resolution is cast by the Member(s), he/she shall not be allowed to change it subsequently or cast the vote again.
The Postal Ballot Notice has been placed on website of the Company at www.tarsons.com, website of NSDL at www.evoting.nsdl.com and websites of the Stock Exchanges where the Equity shares of the Company are Listed, i.e., BSE Limited (BSE) at www.bseindia.com and National Stock Exchange of India Limited (NSE) at www.nseindia.com. Members who have not received the Postal Ballot Notice may download it from the above-mentioned websites.
Members holding shares of the Company, who have not registered or updated their email addresses with the Company, are requested to register or update the same-to receive this Postal Ballot Notice.
The results of the Postal Ballot will be announced within two (2) working days of conclusion of e-voting period i.e., on or before Wednesday, 23rd July , 2025 and displayed on the Company's website at www.tarsons.com and the website of NSDL at www.evoting.nsdl.com. The results will also be intimated to NSE and BSE, where the Equity shares of the Company are listed.
In case of any queries, you may refer the Frequently Asked Questions ("FAQs") for shareholders and eVoting user manual for Shareholders available at the download section of www.evoting.nsdl.com or call on Toll Free No.: 1800 1020 990 and 1800 22 44 30 or contact Ms. Pallavi Mhatre, Manager of NSDL at email id: evoting@nsdl.co.in.

For Tarsons Products Limited
Santosh Kumar Agarwal
CFO, Company Secretary & Compliance Officer
Membership No. A44836

Place: Kolkata
Date: 21st June, 2025

আজকাল
কর্মখালি/ ব্যবসা/বাণিজ্য/ হারানো/প্রাপ্তি ইত্যাদি বিজ্ঞাপন
১২টি শব্দ ২৫০ টাকা অতিরিক্ত শব্দ ১৮ টাকা

জিন্দাল (ইন্ডিয়া) লিমিটেড
কর্পোরেট পরিচিতি নম্বর: U24105WB1991PLC092393
নিবন্ধিকৃত অফিস: জাতীয় সড়ক নং ৬, গ্রাম-জঙ্গলপুর, পোঃ আন্দুল, হাওড়া, পশ্চিমবঙ্গ-৭১১৩০২
ফোন: ০৩৩-৩৫২১-৩১০০, ই-মেল: cs.jil@jindalindia.com; ওয়েবসাইট: www.jindalindia.com

মাননীয় ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল,
বেঞ্চ-II, কলকাতা
ফর্ম নং সিএএ ২
কোম্পানির আবেদন নম্বর- সিএ(সিএএ)-৭৪/কেবি/২০২৫
কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ২৩০ থেকে ২৩২ এবং অন্যান্য প্রযোজ্য বিধানের ক্ষেত্রে, যা কোম্পানিজ (কমপ্রোমাইজেস, অ্যারেঞ্জমেন্টস অ্যান্ড অ্যামালগামেশনস) বিধি, ২০১৬ এর সাথে পঠিত।
ও
জিন্দাল (ইন্ডিয়া) লিমিটেড
(ট্রান্সফারি কোম্পানি/আবেদনকারী কোম্পানি-২)
এর সঙ্গে
কনক্যাটেনেট মেটালস অ্যাডভেস্ট প্রাইভেট লিমিটেড
(ট্রান্সফারার কোম্পানি/আবেদনকারী কোম্পানি-১)
এবং
তাদের নিজ নিজ শেয়ারহোল্ডার এবং উত্তমর্ণদের মধ্যে একত্রীকরণের প্রকল্প
[সংক্ষিপ্ততার খাতিরে, আবেদনকারী কোম্পানি-১ এবং আবেদনকারী কোম্পানি-২ কে এরপর সম্মিলিতভাবে 'আবেদনকারী কোম্পানি' হিসাবে উল্লেখ করা হবে]

জিন্দাল (ইন্ডিয়া) লিমিটেড (কোম্পানি)- এর সুরক্ষিত ঋণদাতা এবং অসুরক্ষিত ঋণদাতাদের সভার বিজ্ঞপ্তির বিজ্ঞাপন

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, [১৩ জুন ২০২৫] তারিখের একটি আদেশের **(আদেশ)** মাধ্যমে, ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, বেঞ্চ-II, কলকাতার বেঞ্চ **(ট্রাইব্যুনাল)** কোম্পানির সুরক্ষিত এবং অসুরক্ষিত ঋণদাতাদের পৃথক সভা আহ্বান করার নির্দেশ দিয়েছে, যাতে আবেদনকারী কোম্পানি এবং তাদের নিজ নিজ শেয়ারহোল্ডার এবং ঋণদাতাদের মধ্যে একত্রীকরণের প্রস্তাবিত পরিকল্পনা **(স্কিম)** বিবেচনা করা যায় এবং যদি উপযুক্ত মনে হয়, তাহলে তা সংশোধন সহ বা ছাড়াই অনুমোদন করা যায় কোম্পানি আইন, ২০১৩ **(আইন)**